

এগজিকিউটিভ অর্ডার

রাইকার্স আইল্যান্ড কারেকশনাল সেন্টারের অবস্থার কারণে ব্রংক্স, কিংস, নিউ ইয়র্ক, রিচমন্ড ও কুইন্স কাউন্টিতে দুর্যোগকালীন জরুরি অবস্থা ঘোষণা

যেহেতু, রাইকার্স আইল্যান্ড কারেকশনাল সেন্টার সাম্প্রতিক মাসগুলোতে গুরুতর কর্মী সংকটের সম্মুখীন হয়েছে;

যেহেতু, ফ্যাসিলিটিগুলোর অবস্থা কারাবন্দী ও কর্মী উভয়ের জন্য একটি অনিরাপদ, জীবনের জন্য ঝুঁকিপূর্ণ পরিবেশ তৈরি করেছে;

যেহেতু, এই কারেকশনাল সেন্টার তদারকি করার জন্য নিযুক্ত একজন ফেডারেল মনিটর নুনেজ (Nunez) স্বতন্ত্র মনিটর এর এগারতম রিপোর্টে ফ্যাসিলিটিগুলোতে "ব্যাপক পর্যায়ের অনিয়ম ও বিশৃঙ্খলা" দেখা দেয়া সম্পর্কে রিপোর্ট করেছেন;

যেহেতু, এবছর রাইকার্স আইল্যান্ডে কারাবন্দীদের মৃত্যুর সংখ্যা বৃদ্ধি পেয়েছে;

যেহেতু, আইনি প্রক্রিয়া ত্বরান্বিত করতে ভার্চুয়ালভাবে আদালতে উপস্থিত হওয়ার বিষয়টি কাজে লাগানো এবং কারেকশন ডিপার্টমেন্টের কর্মীদের পরিবহন ও বিবাদীকে উপস্থিত করার বিভাগ থেকে স্থানান্তর করে আবাসন তদারকি ও নিরাপত্তা বিভাগে নিয়ে যাওয়ার প্রয়োজন রয়েছে;

সুতরাং, এখন, আমি, ক্যাথি হোচুল, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, নিউ ইয়র্ক স্টেটের সংবিধান ও নির্বাহী আইনের ধারা 2-B এর সেকশন 28 অনুযায়ী আমার উপর অর্পিত কর্তৃত্ববলে, এই মর্মে চিহ্নিত করছি যে একটি দুর্যোগের ঘটনা ঘটেছে ও চলমান রয়েছে যেটির জন্য প্রভাবিত হওয়া স্থানীয় সরকারগুলো যথাযথভাবে সাড়া প্রদান করতে সক্ষম নয়। একারণে, আমি এই মর্মে স্টেটজুড়ে দুর্যোগজনিত জরুরি অবস্থা ঘোষণা করছি, যা সেপ্টেম্বর 28, 2021 থেকে পরবর্তী বিজ্ঞপ্তি না দেয়া পর্যন্ত ব্রংক্স, কিংস, নিউ ইয়র্ক, রিচমন্ড ও কুইন্স কাউন্টিতে কার্যকর থাকবে; এবং

অধিকন্তু, নির্বাহী আইনের ধারা 2-B এর সেকশন 29-a অনুযায়ী, স্টেটব্যাপী কোনো জরুরি অবস্থা চলাকালীন সময়ে, কোনো আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধান, বা বিধিমালা, অথবা এর অংশবিশেষ মেনে চলা যদি দুর্যোগকালীন জরুরি পরিস্থিতির সাথে মানিয়ে নেয়ার জন্য প্রয়োজনীয় পদক্ষেপগুলোকে প্রতিরোধ করে, বাধাগ্রস্ত করে, অথবা বিলম্বিত করে, তাহলে উক্ত আইন সাময়িকভাবে স্থগিত বা পরিবর্তন করার জন্য আমার উপর অর্পিত কর্তৃত্ববলে, আমি এই মর্মে 28 অক্টোবর, 2021 পর্যন্ত নিম্নলিখিতগুলো সাময়িকভাবে স্থগিত ও পরিবর্তন করছি:

- আদালতে কোনো পক্ষ বা সাক্ষীর সরাসরি উপস্থিত হওয়ার বিধান পরিবর্তন করে ইলেক্ট্রনিক উপায়ে হাজির থাকার সুযোগ দেয়ার জন্য ফৌজদারি কর্মপদ্ধতি আইনের ধারা 182: (i) ব্যতিক্রম হওয়ার যথার্থ কোনো কারণ না থাকলে, সুপ্রিম কোর্টের কোনো অভিযোগপত্রে অথবা সুপ্রিম কোর্টের তথ্যে আরোপ করা অভিযোগ, ক্যালেন্ডার কল, কোর্ট কনফারেন্স অথবা প্রস্তাবনার বিষয়ে যুক্তিতর্ক উপস্থাপনের ক্ষেত্রে; (ii) বিবাদীর সম্মতি সাপেক্ষে, যেকোনো আত্মপক্ষ সমর্থন, রায় ঘোষণা বা সাক্ষ্যপ্রদান অথবা কোনো বিবাদী কর্তৃক গ্র্যান্ড জুরির কাছে সাক্ষ্যপ্রদানের ক্ষেত্রে; এবং (iii) বিবাদী ও প্রসিকিউটরের সম্মতি সাপেক্ষে, যেকোনো প্রামাণিক শুনানি বা নন-জুরি ট্রায়ালের ক্ষেত্রে।

এই বর্ষ দুই হাজার একুশের সেপ্টেম্বরের আটাশ তারিখে আলবানি সিটিতে আমার হাতে এবং স্টেটের প্রাইভি সিলমোহর ব্যবহার করে।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব